



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 4th Semester Examination, 2023

CC9-BENGALI

OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও

- ১। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) হেরাসিম লেবেডেফ কোন দেশের লোক ছিলেন? কত খ্রীস্টাব্দে তিনি এ দেশে আসেন? তাঁর স্থাপিত নাট্যশালার নাম লেখো।
- (খ) ক্লাসিক থিয়েটারের প্রতিষ্ঠাতার নাম লেখো। কবে, কোন নাটকের অভিনয়ের মধ্য দিয়ে থিয়েটারটির উদ্বোধন হয়?
- (গ) সাজাহান নাটকে মোট কয়টি গান আছে? যে কোনো দু'টি গানের উল্লেখ করো।
- (ঘ) 'রথের রশ্মি' নাটকটি প্রথম রবীন্দ্রনাথের কোন গ্রন্থে প্রকাশিত হয়? গ্রন্থটি রবীন্দ্রনাথ কাকে উৎসর্গ করেছিলেন?
- (ঙ) 'নবান্ন' নাটকটিতে মোট কয়টি অঙ্ক ও দৃশ্য আছে?
- (চ) 'নবান্ন' নাটকটি কবে ও কোন রঙ্গমঞ্চে প্রথম অভিনীত হয়? এই নাটকের দু'টি নারী চরিত্রের নাম লেখো।
- ২। যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) ভারতীয় গণনাট্য সংঘ কবে প্রতিষ্ঠিত হয়? বঙ্গ রঙ্গমঞ্চের ইতিহাসে এর গুরুত্ব আলোচনা করো।
- (খ) ন্যাশনাল থিয়েটারের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) 'সাজাহান' নাটকে জাহানারা চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।
- (ঘ) 'রথের রশ্মি' নাটকায় সমাজ পরিবর্তনের ইঙ্গিত কোথায় কিভাবে দেখানো হয়েছে — তা আলোচনা করো।
- (ঙ) 'নবান্ন' নাটকে কুঞ্জ চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।
- (চ) 'নবান্ন' নাটকের শেষ দৃশ্যের যথার্থতা আলোচনা করো।
- ৩। যে-কোন দু'টি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) বঙ্গ রঙ্গমঞ্চের ইতিহাসে সৌখিন থিয়েটারের ভূমিকা ও গুরুত্ব আলোচনা করো।
- (খ) ঐতিহাসিক নাটক হিসেবে সাজাহান নাটকটির সার্থকতা বিচার করো।
- (গ) রূপক-সাংকেতিক নাটক হিসেবে 'রথের রশ্মি' কতটা সার্থক — আলোচনা করো।
- (ঘ) “'নবান্ন' প্রতিরোধের নাটক নয়, প্রতিবাদের নাটক”— মন্তব্যটি আলোচনা করো।

—x—